USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

নিসর্গ নেটওয়ার্ক

সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা
মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যান
(২০১০-২০১৫)

মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যান সহ-ব্যবস্থাপনা কমিটি
খুটাখালী, চকরিয়া, কক্সবাজার

Department of Environment

সূচিপত্র

পার্ট - ১ ঃ বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ			
ক্রমিক নং	**বিষয় বস্তু**	**ঃ**	**পৃষ্ঠা নং**
১.০	ভূমিকা	ঃ	২
১.১	অবস্থান এবং গঠন	ঃ	২
	চিত্র ১ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকাসমূহ	ঃ	৩
	চিত্র ২ঃ মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের মানচিত্র	ঃ	৪
	চিত্র ৩ ঃ মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ল্যান্ডস্কেপ এলাকার মানচিত্র	ঃ	৫
১.২	সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য	ঃ	৬
২.০	জীববৈচিত্র্য সংরক্ষনের বৈশিষ্ট্যসমূহ	ঃ	৭
২.১	জীববৈচিত্র্যের গুর ত্ব	ঃ	৭
২.২	জীববৈচিত্র্য সংরক্ষনের উপকারিতা	ঃ	৭-৮
২.৩	বন্যপ্রানী সংরক্ষন	ঃ	৮
২.৪	বনাঞ্চলের সীমারেখা	ঃ	৮
২.৫	বনাঞ্চলের জীব-ভৌত অবস্থা	ঃ	৮-৯
৩.০	জীববৈচিত্র্য এবং আবাসস্থল	ঃ	৯
৩.১	প্রতিবেশ/বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রানীকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশেণ্ডষন	ঃ	৯
৩.১.১	বনাঞ্চল ভিত্তিক পন্য	ঃ	৯
৩.২	জীববৈচিত্র্যের ব্যবহার	ঃ	৯
৪.০	জীববৈচিত্র্যের ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা	ঃ	১০
৪.১	বনাঞ্চল ব্যবস্থাপনা	ঃ	১০
৪.২	বন্যপ্রানী ব্যবস্থাপনা	ঃ	১০
৪.৩	জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষনাবেক্ষন এবং পুনর দ্ধার	ঃ	১১
৪.৪	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	১১
৪.৫	বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পন্য ব্যবস্থাপনা	ঃ	১১
৪.৬	অংশগ্রহনমূলক মনিটরিং	ঃ	১২
৪.৭	প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যু সমূহ	ঃ	১২
৫.০	ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা	ঃ	১২
৫.১	ল্যান্ডস্কেপ এ্যাপ্রোচ	ঃ	১২
৫.২	রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা	ঃ	১৩
৫.৩	ভূমি ব্যবহার এর বর্তমান অবস্থা	ঃ	১৩
৫.৪	সংশিণ্ডষ্ট/সংলগ্ন গ্রামসমূহ	ঃ	১৩
৫.৫	ষ্টেকহোল্ডার বিশেণ্ডষণ	ঃ	১৩-১৪
৫.৬	কৃষি জমি এবং বসতভিটার ব্যবহার	ঃ	১৪
৫.৭	বনভূমির অবৈধদখল	ঃ	১৪
পার্ট - ২ ঃ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশ সমূহ			
১.০	রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা	ঃ	১৬
১.১	উদ্দেশ্য	ঃ	১৬

১.২	সহ-ব্যবস্থাপনা পদ্ধতি	ঃ	১৭
১.২.১	সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্য সমূহ	ঃ	১৭
১.২.২	সহ-ব্যবস্থাপনা সংগঠন সমূহ	ঃ	১৭
১.২.৩	সুবিধা সমূহের বন্টন	ঃ	১৮
১.২.৪	ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল/এনডোমেন্ট ফান্ড/ঘূর্ণায়মান তহবিল	ঃ	১৮
২.০	আবাসস্থল পূনর"দ্ধার কর্মসূচি	ঃ	১৮
২.১	উদ্দেশ্যসমূহ	ঃ	১৮
২.২	বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদ করন	ঃ	১৯
২.৩	সীমানা চিহ্নিতকরন	ঃ	১৯
২.৪	অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া/বিল সেচা/পশু চরানো নিয়ন্ত্রন করা	ঃ	১৯
৩.০	ব্যবস্থাপনা কার্যক্রম	ঃ	২০
৩.১	উদ্দেশ্য	ঃ	২০
৩.২	তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা	ঃ	২০
৩.৩	রক্ষিত এলাকার মুল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা	ঃ	২০
৩.৩.১	আবাসস্থল উন্নয়ন কার্যক্রম	ঃ	২০
৩.২.১.১	এনরিচমেন্ট পণ্ডান্টেশন	ঃ	২০
৩.৩.১.২	ঘাস জমির উন্নয়ন	ঃ	২০
৩.৩.১.৩	জলাশয় রক্ষনাবেক্ষন	ঃ	২১
৩.৩.১.৪	বিশেষ ধরনের আবাসস্থল রক্ষনাবেক্ষন	ঃ	২১
৩.৪	আবাসস্থল পূনর"দ্ধার কার্যক্রম	ঃ	২১
৩.৪.১	ওয়াটারশেড ব্যবস্থাপনা	ঃ	২১
৩.৪.২	পরিবেশ বান্ধব কর্মকান্ড পুনর"দ্ধার	ঃ	২১
৩.৫	তদসংলগ্ন বাফার অঞ্চল সহ ল্যান্ডস্কেপ জোন	ঃ	২১
৩.৫.১	বাফার অঞ্চল	ঃ	২১
৩.৫.২	ল্যান্ডস্কেপ অঞ্চল	ঃ	২১
৪.০	জীবিকায়ন এবং ভ্যালু চেইন কর্মসূচী	ঃ	২২
৪.১	উদ্দেশ্য	ঃ	২২
৪.২	ভেলু চেইন এবং কনর্জারভেশন এন্টারপ্রাইজ	ঃ	২২
৪.৩	কৃষি এবং হর্টিকালচার ফসল	ঃ	২২
৪.৩.১	সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা	ঃ	২২
৪.৩.২	উচ্চফলনশীল ফসলের চাষাবাদ	ঃ	২২
৪.৩.৩	ভিলেজ নার্সারী	ঃ	২২
৪.৩.৪	হর্টিকালচার	ঃ	২২
৪.৩.৫	মৎস চাষ	ঃ	২২
৪.৩.৬	বাঁশ সম্পদ উন্নয়ন	ঃ	২২
৪.৩.৭	হস্ড়শিল্প এবং তাঁতশিল্প	ঃ	২৩
৪.৩.৮	উন্নত চুলা	ঃ	২৩
৫.০	ফেসেলিটিস (অবকাঠামো মূলক) উন্নয়ন কর্মসূচী	ঃ	২৩
৫.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৩

৫.২	সুবিধাদি উন্নয়ন	ঃ	২৩
৫.৩	বনে রাস্ড়/ট্রেইল নির্মান ও সংস্কার	ঃ	২৩
৬.০	দর্শনাথীর ব্যবস্থাপনা কর্মসূচি	ঃ	২৩
৬.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৩
৬.২	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৩
৬.২.১	পরিবেশ বান্ধব পর্যটন এলাকা চিহ্নিতকরন	ঃ	২৩
৬.২.২	সুবিধাদির উন্নয়ন	ঃ	২৪
৬.২.২.১	প্রবেশ ফি	ঃ	২৪
৬.২.২.২	প্রকৃতি এবং হাইকিং ট্রেইল	ঃ	২৪
৬.২.২.৩	পিকনিকের জন্য সুবিধাদি	ঃ	২৪
৬.২.২.৪	কমিউনিটি ভিত্তিক পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৪
৬.২.২.৫	পরিবেশ বান্ধব পর্যটন নিয়ন্ত্রন	ঃ	২৪
৬.৩	সংরক্ষন বিষয়ক শিক্ষা ও সচেতনতা	ঃ	২৪
৬.৩.১	পর্যটন শিক্ষার জন্য ইন্টারপ্রিটেটিভ মাধ্যম	ঃ	২৪
৬.৩.২	পরিবেশ বিষয়ক শিক্ষা	ঃ	২৪
৭.০	কমিউনিটি মনিটরিং সক্ষমতা বৃদ্ধিকরন কর্মসূচী	ঃ	২৫
৭.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৫
৭.২	অংশগ্রহন মূলক মনিটরিং	ঃ	২৫
৭.৩	প্রশিক্ষন	ঃ	২৫
৮.০	প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী	ঃ	২৫
৮.১	উদ্দেশ্যসমূহ	ঃ	২৫
৮.২	স্টাফিং	ঃ	২৫
৮.৩	দায়িত্ব ও কর্তব্য সমূহ	ঃ	২৬
৯.০	বাজেট	ঃ	২৬
৯.১	প্রয়োজনীয় ইনপুট এবং নির্দেশক বাজেট প্রাক্কলন	ঃ	২৬
৯.২	বাজেট পরিবর্তন/পরিমার্জন	ঃ	২৬
১০.০	সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলোর ধারাবাহিকতার বজায় রক্ষার কৌশল	ঃ	২৬
১০.১	আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা ভিত্তিক ধারাবাহিকতার কর্মপরিকল্পনা প্রনয়ন	ঃ	২৬
১০.২	ধারাবাহিকতার জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়ন	ঃ	২৬-২৭
১০.৩	দীর্ঘমেয়াদী এবং সম্মনিত আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা	ঃ	২৭
১০.৪	‘নিসর্গ নেটওয়ার্কের’ পলিসি এবং আইনগত সমর্থন নিশ্চিতকরন	ঃ	২৭
১০.৫	মত বিনিময়ের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন	ঃ	২৮
১১.০	জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অভিযোজন পরিকল্পনা	ঃ	২৮
১১.১	জলবায়ু পরিবর্তন	ঃ	২৮
১১.২	জলবায়ু পরিবর্তনের কারণসমূহ	ঃ	২৮
১১.৩	মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান এবং এর ল্যান্ডস্কেপে জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ	ঃ	২৮
১১.৩.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি	ঃ	২৮
১১.৩.২	অতি বৃষ্টিপাত	ঃ	২৮
১১.৩.৩	নদীর ক্ষীণ প্রবাহ	ঃ	২৯

১১.৩.৪	আকস্মিক বন্যা	ঃ	২৯
১১.৩.৫	খরার প্রকোপ	ঃ	২৯
১১.৩.৬	ঝড় ঝঞ্ঝা	ঃ	২৯
১১.৩.৭	নদীতীর ও মোহনায় ভাঙ্গন ও ভূমি গঠন	ঃ	২৯
১১.৪	জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের জন্য করণীয় অভিযোজন সমূহ	ঃ	২৯
১১.৪.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি/ঝড় ঝঞ্ঝা/আকস্মিক বন্যা/অতি বৃষ্টিপাত জনিত কৃষি ঝুঁকির অভিযোজন	ঃ	২৯-৩০
১১.৪.২	পানির ঝুঁকির অভিযোজন	ঃ	৩০
১১.৪.৩	স্বাস্থ্য ঝুঁকির অভিযোজন	ঃ	৩০
১১.৪.৪	উন্নয়ন ঝুঁকির অভিযোজন	ঃ	৩০
১১.৪.৫	খরা ঝুঁকির অভিযোজন	ঃ	৩০
১১.৫	অভিযোজনের সম্ভাব্য উপায়সমূহ	ঃ	৩১
১১.৬	স্থানীয় জনগন কর্তৃক চিহ্নিতকৃত মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান এবং এর ল্যান্ডস্কেপ এলাকায় জলবায়ু পরিবর্তনজতিন ক্ষয়ক্ষতি এবং সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা	ঃ	৩১-৩৭
	পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (সম্ভাব্য)	ঃ	৩৮-৪৫

পার্ট - ১

বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ

১.০ ভূমিকা

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান বাংলাদেশের রক্ষিত এলাকার গুলোর মধ্যে অন্যতম। এক কালে এই বনভূমিতে অতিব ঘন দর্শনীয় বিশাল বিশাল আকৃতির চিরহরিৎ গর্জন গাছ সহ হাতি, চিতাবাঘ প্রভৃতি বন্যপ্রানীতে ভরপুর ছিল। পাখ পাখালীর সুমধুর কাকলীতে এখানকার লোকজনের ঘুম ভাঙ্গতো। কালের বির্বতনে এবং ক্রমবর্ধমান জনসংখ্যার চাপে এই দর্শনীয় গর্জন বন তার ঐতিহ্য হারাতে চলেছে। প্রাকৃতিক দূর্যোগের ফলে বনের ভিতর জনগণের ঘরবাড়ি তৈরী, অবৈধভাবে বৃক্ষ নিধন, বনভূমি জবরদখল ও বনের উপর নির্ভরশীলতা অত্যধিক বৃদ্ধি পাওয়ায় আগের সেই দর্শনীয় গর্জন বন এখন অনেকাংশে ম্ণ্ঢান হয়ে গেছে। আমরা আবারও গড়ে তুলতে চাই জীববৈচিত্র্যে ভরপুর তথা গর্জন গাছে সম্বৃদ্ধ এ জাতীয় উদ্যান। এই লক্ষ্যে অবৈধ বৃক্ষ নিধন, জবরদখল বন্ধকরন, তথা জীববৈচিত্র সংরক্ষনের লক্ষ্যে সহ-ব্যবস্থাপনা কার্যক্রম প্রতিষ্ঠায় সহায়তা করাই আইপ্যাকের লক্ষ্য। এই লক্ষ্যে রক্ষিত এলাকার বন নির্ভর জনগোষ্ঠীকে সহ-ব্যবস্থাপনা কার্যক্রমে সম্পৃক্ত করে এর জীববৈচিত্র্য সংরক্ষণ এবং উন্নয়নের সাথে সাথে বনের উপর নির্ভরশীল দরিদ্র জনগনের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে লক্ষ্যে সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ন করা প্রয়োজন। এছাড়া সহ-ব্যবস্থাপনা সংগঠনের নেতৃবৃন্দকে সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা হাতে কলমে প্রনয়ন এবং এর বাস্ড়বায়ন সম্পর্কে পারদর্শী করে তোলাও এর অন্যতম উদ্দেশ্য।

যাহোক মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের জন্য গঠিত সহ-ব্যবস্থাপনা কমিটির সদস্যদের স্বল্প মেয়াদী (তিন দিন) প্রশিক্ষনের মাধ্যমে প্রনীত এই ব্যবস্থাপনা পরিকল্পনা যা আইপ্যাক প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মী (Performance Monitoring and Applied Research Associate) সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেছেন। এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা এবং উন্নয়নে দিক নির্দেশনা হিসাবে বিবেচিত হতে পারে।

১.১ অবস্থান এবং গঠন

কক্সবাজার জেলা থেকে ৪০ কিলোমিটার উত্তরে চকরিয়া উপজেলাস্থ চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পশ্চিম ও পূর্ব পার্শ্বে এই জাতীয় উদ্যান অবস্থিত। ৩৯৫.৯৩ হেক্টর বনভূমি নিয়ে পরিবেশ ও বন মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন নং পবম (শা-৩)-৩২/২০০৩/৩৫৬ তারিখ: ০৪/০৪/২০০৪ মূলে গেজেট বিজ্ঞপ্তীর মাধ্যমে মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান ঘোষনা করা হয়। এই ৩৯৫.৯৩ হেক্টর বনভূমির মধ্যে চকরিয়া উপজেলাধীন মেধাকচ্ছপিয়া বণ্ঢকের সংরক্ষিত বনাঞ্চলের ৩৫৮.৯৯ হেক্টর এবং রক্ষিত বনাঞ্চলে ৩৬.৯৪ হেক্টর বনভূমি রয়েছে। এই বন প্রাকৃতিক গর্জন আচ্ছাদিত শতবর্ষী পুরাতন মা গর্জন গাছ সম্বৃদ্ধ এক দর্শনীয় বন। উঁচু নীচু পাহাড় ও সমতল ভূমিতে এই বনাঞ্চলটির অবস্থান। মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানেরঃ

- ❖ উত্তরে পাগলীর বিল মৌজা ও উত্তর মেধাকচ্ছপিয়া,
- ❖ দক্ষিণে খুটাখালী হাই স্কুল, খুটাখালী ও নলবুনিয়া
- ❖ পূর্বে জঙ্গল খুটাখালী রিজার্ভ ফরেস্ট / খুটাখালী বিট, এবং
- ❖ পশ্চিমে বাক্কুম পাড়া, দক্ষিণ মেধাকচ্ছপিয়া ও মধ্যম মেধাকচ্ছপিয়া

এখানে চিরহরিৎ ও মিশ্র চিরহরিৎ উষ্ণ-মন্ডলীয় পাহাড়ী বনভূমি বিদ্যমান। এর মাটি প্রধানতঃ কর্দমাক্ত হতে কর্দমাক্ত দো-আশঁ এবং পাহাড়ে কর্দমাক্ত দো-আশঁ হতে মোটা বালি বিদ্যমান। বেশ কিছু পাহাড়ী ছড়া পূর্ব দিকে প্রবাহিত হয়ে মাতামুহুরী নদীতে পতিত হয়েছে।

IPAC Clusters and Sites





চিত্র ১ ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা সমূহচিত্র ২ ঃ মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ম্যাপ



চিত্র ৩ ঃ মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ল্যান্ডস্কেপ ম্যাপ

১.২ সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য

সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের মূল লক্ষ্য হচ্ছে স্থানীয় জনগনকে সম্পৃক্ত করে এমন একটি ব্যবস্থাপনা গড়ে তোলা যার প্রধান লক্ষ্য হবে রক্ষিত এলাকার জীববৈচিত্র সংরক্ষনের পাশাপাশি বনের উপর দরিদ্র জনগোষ্ঠীর বিকল্প আয় এর ব্যবস্থা করার মাধ্যমে বনের উপর চাপ কমানো। এতদউদ্দেশ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা সহ-ব্যবস্থাপনার সাথে জড়িত নেতৃবৃন্দ ও জনগনের মতামতের ভিত্তিতে নিজেরাই প্রনয়ন করবে। যে বিষয়গুলি সহ-ব্যবস্থাপনা পরিকল্পনায় অন্ড়ভূর্ক্ত থাকবে তা নিম্নরূপ:

- **জীববৈচিত্র্য সংরক্ষণ:** প্রাকৃতিক সম্পদের দিক থেকে মেদাকচ্চপিয়া জাতীয় উদ্যান অত্যন্ড় গুর"ত্বপূর্ন। এই জাতীয় উদ্যানে উদ্ভিদ এবং বন্যপ্রাণী বৈচিত্রের কোন জরিপ হয়নি। তবে উদ্যানের প্রধান প্রধান উদ্ভিদ গুলোর মধ্যে গর্জন, কড়ই, চাপালিশ, বাটনা, জাম, জার"ল, বেনা, কামদেব, আলাদিয়া, গোদা, শেওড়া প্রভৃতি উলেণ্ঢখযোগ্য। বন্যপ্রাণী প্রজাতির মধ্যে হাতি, বানর, মায়া হরিণ, ধনেশ, বানর, অজগর প্রভৃতি উলেণ্ঢখযোগ্য। অত্যধিক জনসংখ্যার চাপে এবং অপরিকল্পিত বনজ সম্পদ আহরণের ফলে প্রাকৃতিক সম্পদ অর্থাৎ উদ্ভিদ ও প্রাণী মারাত্নক হুমকির সম্মুখীন। তাই এ জাতীয় উদ্যানের উদ্ভিদ ও প্রাণী সংরক্ষণ অত্যন্ড় জর"রী।

- **ল্যান্ডস্ক্যাপের উন্নয়ন:** মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ল্যান্ডস্কেপে বসবাসকারী জনগন বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। তাই ল্যান্ডস্কেপ এলাকায় বসবাসকারী জনগণের বন নির্ভলশীলতা কমানোর জন্য এ এলাকায় প্রাকৃতিক সম্পদের সম্প্রসারণ এবং জনগণের বিকল্প কর্ম সংস্থানের ব্যবস্থা করা না গেলে প্রাকৃতিক সমম্পদের উন্নয়ন সম্ভব হবে না।

- **ইকো-ট্যুরিজম সম্প্রসারণ:** মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের উত্তর দিক সংলগ্ন বাংলাদেশের একমাত্র সাফারী পার্ক বঙ্গবন্ধু সাফারী পার্ক, চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পার্শ্বে অবস্থিত বিধায় এখানে প্রচুর পর্যটকের সমাগম ঘটে। এখানে আরো বেশ কিছু ঐতিহাসিক দর্শনীয় স্থান রয়েছে, যেমন: প্রাকৃতিক ভাবে লবণ উৎপাদনের মাঠ, প্রাকৃতিক জীববৈচিত্রের উপর গবেষকদের গবেষণার ক্ষেত্র প্রভৃতি উলেণ্ঢখযোগ্য। এসব এলাকা সম্পর্কে জনগনকে ব্যাপকভাবে জানানোর মাধ্যমে এলাকার ইকো-টুরিজমকে আরো সম্প্রসারিত করা সম্ভবপর।

- **জলবায়ুর বিরূপ প্রতিক্রিয়া মোকাবেলা:** বনের গাছপালা কমে যাওয়ায় প্রতি বছর পাহাড় ধ্বংস হচ্ছে। তাছাড়া এখানে বন্যা ও জলাবদ্ধতা দেখা দিচ্ছে। তাই প্রাকৃতিক দূর্যোগ থেকে রক্ষা পাওয়ার জন্য জনগণকে ব্যাপকভাবে সচেতন করা প্রয়োজন।

- **বনজ সম্পদের অপব্যবহার রোধ:** প্রাকৃতিক সম্পদের মধ্যে এখানে গর্জনসহ বিভিন্ন প্রজাতির বৃক্ষরাজি, বন্য পশুপাখি, পাথর ইত্যাদি উলেণ্ঢখযোগ্য। অবৈধভাবে স্থানীয় জনগোষ্টী এ সব অমূল্য সম্পদ সংগ্রহ করছে এবং ধ্বংস করছে। তাই প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার স্বার্থে প্রতিটি প্রাকৃতিক সম্পদ যথাযথভাবে সংরক্ষনের উদ্যোগ নেওয়া দরকার।

- **বন নির্ভরশীল জনগোষ্টীর উন্নয়ন:** অতি দারিদ্র্যের কারণে এলাকার বহু লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিভিন্ন বনজ সম্পদের উপর নির্ভরশীল। প্রাকৃতিক সম্পদের যথাযথ সংরক্ষণ ও উন্নয়নে বন নির্ভরশীল জনগোষ্টীর বিকল্প কর্ম সংস্থান/আয়ের ক্ষেত্র সৃষ্টি করা না হলে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ অত্যন্ড় কঠিন হবে।তাই স্থানীয় বন নির্ভরশীল জনগোষ্টীর বিকল্প আয়ের ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া দরকার।

- **রক্ষিত এলাকা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি:** মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান একটি সংরক্ষিত বন।এখানকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবহারে সরকারের বিভিন্ন আইন-কানুন রয়েছে। তাই এ এলাকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও জনগোষ্টীর ব্যবহারের ব্যাপারে জনগণকে ব্যাপকভাবে সচেতন করার উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।

২.০ জীব বৈচিত্র্য সংরক্ষণের বৈশিষ্টসমূহ

২.১ জীব বৈচিত্র্যের গুর"ত্ব

কোন এলাকার জীববৈচিত্র্য সংরক্ষনের গুর"ত্ব বলার অপেক্ষা রাখে না। জীববৈচিত্র্য প্রতিবেশের অবিচ্ছেদ্য অংশ। এদের ছাড়া পরিবেশ ও প্রতিবেশ কল্পনাও করা যায় না। জীববৈচিত্র্য যে কোন নিদিষ্ট বাস্তুতন্ত্রের খাদ্য শৃঙ্খলের প্রধান নিয়ামক। এদের ছাড়া খাদ্য উৎপাদন, পচন এবং পুনরায় খাদ্য শৃঙ্খলে ফিরে আসা অসম্ভব। বাস্তুতন্ত্রের সকল জীব ও জড় উৎপাদনের ধারাবাহিকতা ঠিক রাখতে জীববৈচিত্র্য গুর"ত্বপূর্ণ ভুমিকা পালন করে। জীববৈচিত্র্য বিনষ্ট হলে মানুষের অস্ড়িত্বও হুমকির মধ্যে পড়বে। জীববৈচিত্র্যের গুরুত্ব নিম্নরূপ:

- **প্রাকৃতিক ভারসাম্য রক্ষা:** প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় জীববৈচিত্র্য এক গুর"ত্বপূর্ন অবদান রাখে। উদ্ভিদ ও প্রাণী তার জীবন চক্রের প্রতিটি ধাপে এক অন্যের উপর নির্ভরশীল।

- **ইকো-টুরিজমের উন্নতি সাধন:** এখানে বিদ্যমান ইকো-টুরিজম স্পট সমূহের যোগাযোগ, প্রচার ও বিদ্যমান সুযোগ-সুবিধা সমূহ আরো উন্নত করা হলে ইকো-টুরিজম স্পটগুলো আরো আর্কষণীয় আয় বর্ধক ক্ষেত্র হিসেবে পরিগনিত হতে পারে।

- **ভূ-প্রাকৃতিক ব্যবস্থার উন্নতি:** এলাকায় বিদ্যমান পাহাড়, ছড়া ও জলাশয়গুলো বিজ্ঞান ভিত্তিকভাবে সংরক্ষণ ও উন্নয়ন করা হলে জীববৈচিত্র্য আরো সম্মৃদ্ধ হবে। সেই লক্ষ্যে ভূ-প্রাকৃতিক ব্যবস্থার উন্নতি সাধন করা প্রয়োজন।

- **জলবায়ুর পরিবর্তন রোধ:** মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের উপর স্থানীয় জনগোষ্ঠীর নির্ভরশীলতা ব্যাপক। ফলে এলাকার প্রাকৃতিক সম্পদ দিন দিন ধ্বংস হচ্ছে। তাছাড়া বাড়ছে প্রাকৃতিক দূর্যোগ। তাই জলবায়ু পরিবর্তন রোধ কল্পে প্রাকৃতিক বন রক্ষার উদ্যোগ নেওয়া অত্যাবশ্যক।

- **দেশের মোট বনাচ্ছাদিত ভুমির পরিমাণ বৃদ্ধি:** জন সংখ্যা বৃদ্ধির ফলে আবাদী জমির বৃদ্ধির সাথে সাথে বনভূমি সংকোচিত হচ্ছে। তাই জবরদখলকৃত বনভূমি পুনর"দ্ধার সহ বৃক্ষ শূন্য পাহাড় বনায়নের মাধ্যমে বন আচ্ছাদিত ভূমির পরিমান বৃদ্ধিসহ বনাঞ্চল সংরক্ষণে বিদ্যমান আইন আরো যুগোপযোগী করা প্রয়োজন।

২.২ জীববৈচিত্র্য সংরক্ষণের উপযোগিতা / উপকারিতা

- **বিপন্ন প্রাণী বাঁচিয়ে রাখা:** ফ্ল্যাগশিপ বন্যপ্রানী হাতি সহ অন্যান্য বিপন্ন প্রজাতি সংরক্ষণে, আবাস্থল পুনর"দ্ধারের জন্য সচেতনতা সৃষ্টি করা মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের জন্য অতীব জর"রী।

- **বিলুপ্তপ্রায় দেশীয় উদ্ভিদ ও প্রাণী প্রজাতি বৃদ্ধি:** বিপদাপন্ন প্রজাতি সমূহের জন্য নিরাপদ আবসস্থল সৃষ্টির লক্ষ্যে বৃক্ষ রোপণ ও বন্যপ্রাণী প্রজাতির প্রজননের ব্যবস্থা করা।

- **দরিদ্র জনগোষ্টীর জীবন ও জীবিকার ইতিবাচক পরিবর্তন:** বিভিন্ন বিকল্প আয় বর্ধক কর্মসূচীর মাধ্যমে দরিদ্র জনগোষ্টীর অর্থিক অবস্থার উন্নয়ন করা দরকার যাতে তারা প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে অবদান রাখতে পারে।

- **পরিবেশ বান্ধব পর্যটন শিল্পের উন্নয়ন:** বিদ্যমান প্রাকৃতিক পর্যটন স্পট সমূহের প্রাকৃতিক পরিবেশ অক্ষুন্ন রেখে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা গ্রহন ও বাস্ড়বায়ন করা।

- **ভুমিক্ষয় প্রতিরোধ:** ব্যাপক হারে বনায়ন করে ভূমিক্ষয় প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

- **কার্বন বাণিজ্যের বিস্তার ও সবুজ আচ্ছাদন বাড়ানো :** আজ বিশ্বব্যাপী স্বীকৃত যে, উন্নত বিশ্ব প্রতি মূহুর্তে যে অতিরিক্ত কার্বন বাতাসে ছড়াচ্ছে অন্যান্য দেশের ন্যায় আমাদের দেশের সবুজ বনানী ও

তা শোষন করছে বিধায় উন্নত বিশ্ব হতে ক্ষতিপূরণ পাওয়ার আশা দেখা দিয়েছে। কাজেই এ সম্ভবনাকে কাজে লাগানোর লক্ষ্যে আমাদের পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন। উলেণ্ঢখ্য যে সুন্দরবন সহ আরও সাতটি রক্ষিত এলাকার বনে কি পরিমান কার্বন শোষন করছে তা আইপ্যাক কর্তৃক নির্নয় করা হচ্ছে।

২.৩ বন্যপ্রাণী সংরক্ষণ

'বন আইন ১৯২৭' এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' অনুযায়ী মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা ও সম্পদ সংরক্ষণ কক্সবাজার উত্তর বন বিভাগ কর্তৃক করা হচ্ছে।

বাধা সমূহ ঃ

- ❖ চোরা শিকারীরা ফাঁদ পাতে বা অন্য কোন প্রক্রিয়ায় এ উদ্যানে বন্যপ্রাণী শিকার করে।এ ধরনের শিকার বন্ধের উদ্যোগ নেওয়া জর"রী।
- ❖ কৃষি কাজের জমি তৈরী করতে, ছন সংগ্রহ করতে বা পান চাষের জন্য বনে আগুন দেওয়া হয়। এর ফলে বন্যপ্রাণী আতঙ্কিত হয় এবং তাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হয়। তাই এ সকল কার্যক্রম বন্ধের উদ্যোগ নিতে হবে।
- ❖ বন্যপ্রাণীর খাবার সরবরাহকারী উদ্ভিদ প্রজাতির সংখ্যা দিন দিন কমে যাচ্ছে, ফলে সৃষ্ট খাবার সংকটের কারনে বন্যপ্রাণী লোকালয়ে প্রবেশ করছে অতঃপর মানুষের হাতে ধরা পড়ে প্রাণ হারাচ্ছে। পর্যাপ্ত বনাচ্ছাদন না থাকায় এবং বিশেষ বিশেষ বন্যপ্রাণীর প্রয়োজনীয় বিশেষ বিশেষ প্রজাতির গাছ এবং বড় গাছের সংখ্যা কমে যাওয়ায় আবাস্থলের সংকট প্রকট হচ্ছে। এ সব সমস্যা সমাধানের জন্য যথাযথ উদ্যোগ নেওয়া দরকার।
- ❖ বনের অভ্যন্ড়রে বিভিন্ন সম্পদ সংগ্রহ ও অন্য নানাবিধ প্রয়োজনে মানুষের অনুপ্রবেশ বাড়ছে এবং এটা বণ্যপ্রাণীর স্বাভাবিক বিচরণ বাধাগ্রস্থ করছে। অবৈধ বৃক্ষ নিধন প্রক্রিয়া অব্যহত থাকায় বন্যপ্রাণীর আবাস্থল ও খাদ্যের সংকট হচ্ছে । এ সব সমস্যা সমাধানের জন্য যথাযথ উদ্যোগ নিতে হবে।
- ❖ অবৈধ জবর দখল প্রক্রিয়া চলমান থাকায় দিন দিন বনভূমি সংকুচিত হচ্ছে এবং বন্যপ্রাণীর ওপর এর নেতিবাচক প্রভাব পড়ছে। জবরদখলকৃত এসকল বনভূমি দখলমুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.৪ বনাঞ্চলের সীমারেখা ঃ

বনাঞ্চল জরিপের মাধ্যমে জোনিং করা: আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বনাঞ্চল জরীপ করে বিভিন্ন জোন চিহ্নিত করা যেতে পারে। যেমন: পিকনিক জোন, ক্যামপিং জোন, ট্রেল জোন ইত্যাদি।

প্রাকৃতিক চিহ্ন দিয়ে সীমানা সৃষ্টি: বনাঞ্চলে বিদ্যমান বিশেষতঃ গর্জন, সেগুন, তেলসুর প্রভৃতি বৃক্ষ সহ ছড়া, রাস্ড়া ইত্যাদি দ্বারা স্থায়ীভাবে বনের সীমানা নির্ধারন করা যেতে পারে।

সীমানা পিলার স্থাপন: জরীপ শেষে বনাঞ্চলের চারিপার্শ্বে কিছু দূর পরপর স্থায়ী পিলার স্থাপন করা প্রয়োজন।

জবরদখল প্রতিরোধ: বনভূমি জবরদখল রোধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি এবং সরকারী বিদ্যমান আইন কঠোরভাবে প্রয়োগ করে জবরদখল প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ দেওয়া দরকার।

২.৫ বনাঞ্চলের জীবভৌত অবস্থা

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের বিভিন্ন প্রজাতির বিরল গাছ সহ অসংখ্য জীবজন্তুতে ভরপুর। এখানকার ক্রান্ড়ীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন এর অন্ড়র্ভূক্ত। এখানে অনেক গুলি উচুঁ-নীচু পাহাড় রয়েছে যা পাহাড়ী বনের প্রতিনিধিত্ব করে। মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যান এলাকার মাটি মূলতঃ পাহাড়ী বাদামী বর্নের, শিলামাটি, বেলে-দোআঁশ প্রকৃতির এবং অম্-ীয় তবে অম্- ত্বের মাত্রা স্থানভেদে কমবেশী হয়। এখানকার মাটি অপেক্ষাকৃত কম উর্বর কিন্তু আর্দ্র উষ্ণ মন্ডলীয় আবহাওয়ায় পতিত লতা-পাতার পচন দ্র"ত ঘটে বিধায় মাটির উপরিভাগ

অপেক্ষাকৃত হিউমাস সমৃদ্ধ। পাহাড়ে যেখানে গাছপালা নেই সেখান থেকে মাটি কাটার কারনে এখানে ভূমিধ্বস বিদ্যমান। তথাপি এখানে হাতি, হরিণ, বানর, সজারু, শুকর, বন মোরগ, বন বিড়াল, শিয়াল, ময়না, ধনেশ, টিয়া, পেঁচা, বক, শালিক, হায়না, অজগর সহ বিভিন্ন প্রজাতির বন্যপ্রানী রয়েছে। পাহাড়ী ছড়ায় রয়েছে বিভিন্ন প্রজাতির কচ্ছপ। পাহাড় হতে উৎপন্ন ছড়া ও ঝর্ণা সরাসরি সাগরে পতিত হয়েছে।

৩.০ জীব বৈচিত্র্য এবং আবাসস্থল

৩.১ প্রতিবেশ / বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রাণিকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশে- ষণ

বনাঞ্চল: মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান মূলতঃ একটি ক্রান্ড্রীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন। এ বনকে সংরক্ষিত বন হিসেবে ঘোষণা করার আগে অনেক জায়গায় জুম চাষ করা হত। এখানে গর্জন, সেগুন, জাম, বটসহ বহু মূল্যবান গাছ এবং অতি বিপন্ন ও বিরল প্রজাতির হাতি, বানর, মায়া হরিণসহ বিভিন্ন প্রজাতির পশুপাখি এখানকার প্রতিবেশের অভিচ্ছন্ন অংশ।

প্রাণীকূল : এখনো পর্যন্ড় এ অভয়ারণ্যে উদ্ভিদ ও প্রাণী প্রজাতির যথাযথ জরিপ হয়নি। তবে উপরের ছত্রে

উলে- খিত উদ্ভিদ ও বন্যপ্রাণী প্রজাতির সমাবেশ বেশ লক্ষ্যণীয়। এখনো বন্য পরিবেশ পাখির খাদ্য সহজলভ্য হলেও পাকা সড়ক থাকায় শব্দ দূষণের ফলে পাকপাখালি হারিয়ে যাওয়ার আশংকা দেখা দিয়েছে। এখানকার বেশ কিছু প্রাণী ও উদ্ভিদ প্রজাতি বর্তমানে সংকটাপন্ন।

কৃষি : মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের অভ্যন্ড়রে জবরদখলকৃত এলাকা এবং ল্যান্ডস্কেপে ধান, পান, তরমুজ, শশা, ক্ষীরা, বেগুন, মরিচ, আলু, কচু, হলুদ সহ বিভিন্ন প্রকারের সব্জি আবাদ করা হয়।

৩.১.১ বনাঞ্চল ভিত্তিক পণ্যসমূহ

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানে উৎপাদিত পন্যসমূহ বনের ওপর নির্ভরশীল হতদরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ বনে উৎপাদিত উলে- খযোগ্য পন্যগুলি হল: ঘর ও আসবাবপত্র তৈরির কাঠ, জ্বালানী কাঠ, ঔষুধি গাছ, বাঁশ ও বেত, অর্কিড, মধু , বিভিন্ন প্রকার ফল ফলাদি, ছন, পান, ধানসহ বিভিন্ন ফল ও বিভিন্ন প্রকার সব্জি। বর্তমানে সরকারী নিষেধাজ্ঞার মাধ্যমে বাংলাদেশের সকল প্রাকৃতিক বনের গাছ কাটা ২০১৫ পর্যন্ড় বন্ধ করা হয়েছে।

৩.১.২ জীববৈচিত্র্যের ব্যবহার

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের চারপাশে বিশাল জনগোষ্ঠী বসবাস করে। দৈনন্দিন চাহিদা মেটানোর পাশাপশি জীবন ও জীবিকার প্রয়োজনে তারা এ বন থেকে নিয়মিত জ্বালানি কাঠ, বাঁশ, বেত, বনজ ফল-মূল, মধু ইত্যাদি সংগ্রহ করে। যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানকার উৎপাদিত পন্য দেশের বিভিন্ন জায়গায় সহজে পরিবহন ও সরবরাহ করা যায়।

উলেণ্ঢখ্য যে জীববৈচিত্র্য পৃথিবীর এক অমূল্য সম্পদ। এর সুষ্ঠু ব্যবহার এবং ব্যবস্থাপনার মাধ্যমে মেদাকচ্ছপিয়া উদ্যানটিকে একটি প্রাকৃতিক চিড়িয়াখানায় পরিণত করা সম্ভব। কিন্তু সচেতনতার অভাবে স্থানীয় জনগোষ্ঠী এখনো

কিছু কিছু ক্ষেত্রে অবৈধভাবে বৃক্ষ নিধন, বনভূমি জবর দখল, অবৈধভাবে বন্যপ্রানী শিকার ইত্যাদি কার্যকলাপ করে থাকে ।

৪.০ জীববৈচিত্র্য ব্যবস্থাপনায় বর্তমান অবস্থা পর্যালোচনা

৪.১ বনাঞ্চল ব্যবস্থাপনা

- বর্তমানে মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যান সহ-ব্যবস্থাপনার পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। সম্প্রতি এখানে সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। সরকার প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগোষ্ঠীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করছে। এক্ষেত্রে, অংশগ্রহণ ও সহযোগিতার ভিত্তি হচ্ছে, রক্ষিত এলাকা/প্রাকৃতিক বন ও জলাভূমি থেকে প্রাপ্ত সুফল বা উপকার সকল অংশগ্রহণকারী ও সহযোগিদের মধ্যে সুষমবণ্টন এবং সিদ্ধান্ড়গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশগ্রহনের নিশ্চয়তা। অংশগ্রহণ ও সহযোগীতার মাধ্যমে প্রাকৃতিক বন সংরক্ষণের এ প্রক্রিয়াটিকে 'সহ-ব্যবস্থাপনা পদ্ধতি' বলা হয়। সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য সহ-ব্যবস্থাপনা সংগঠন গঠন করা হয়েছে। এ সংগঠন দ্বিস্ড়র বিশিষ্ট। প্রথম স্ড়র হল 'সহ-ব্যবস্থাপনা কাউন্সিল' যা নীতি নির্ধারণী স্ড়র হিসেবে কাজ করে এবং দ্বিতীয় স্ড়র হল 'সহ-ব্যবস্থাপনা কমিটি' যা নীতিমালার আলোকে গৃহীত কার্যক্রম বাস্ড়বায়ন করে। সহ-ব্যবস্থাপনা কাউন্সিল ও সহ-ব্যবস্থাপনা কমিটি ছাড়াও মেদাকচ্চপিয়া রেঞ্জের আওতায় ১৩টি ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ), ১টি পিপল্ ফোরাম (পিএফ) এবং ১টি কমিউনিটি পেট্রোলিং গ্রুপ (সিপিজি) এবং একটি সিএমসি গঠন করা হয়েছে।

- 'বন আইন ১৯২৭' এবং বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' এর নির্দেশনা অনুযায়ী বন অধিদপ্তরের 'কক্সবাজার উত্তর বন বিভাগ এই জাতীয় উদ্যানের ব্যবস্থাপনায় দায়িত্বে নিয়োজিত।

- উলে- খিত আইন অনুযায়ী, মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ৩৯৫.৯৩ হেক্টর সীমানার মধ্যে কোন প্রকার বনজ দ্রব্য আহরণ, পরিবহন ও অপসারণ সম্পূর্ণ ভাবে নিষিদ্ধ।

৪.২ বন্যপ্রাণী ব্যবস্থাপনা

বন আইন ১৯২৭ এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' অনুযায়ী এ জাতীয় উদ্যানের বন্যপ্রাণী ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে। বন্যপ্রানী ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা করাসহ আবাসস্থল উন্নয়ন এবং বংশবৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্নিত কার্যক্রমগুলো গ্রহন করা প্রয়োজন ঃ

- **পশু খাদ্যের বাগান সৃজনঃ** মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের গুরুত্বপূর্ণ প্রাণী হচ্ছে হাতি, বানর, হনুমান, শুকর, শিয়াল, হরিন, সজারু, বনমোরগ, বাঘডাস, গুইসাপ সহ বিভিন্ন ধরনের সরীসৃপসহ টিয়া, ডাহুক, ময়না, ঘুঘু, কোকিল সহ নানা প্রজাতীর পাখ-পাখালী। খাদ্যাভাবে এরা দিন দিন বিলুপ্তির পথে এগিয়ে যাচ্ছে। এমনকি খাদ্যের সন্ধানে অনেক সময় এরা লোকালয়েও চলে আসে। যার দরুন প্রতি বছর মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের আশেপাশের গ্রামাঞ্চলে গড়ে ৩-৫ জন মানুষ হাতি এবং অন্যান্য বন্যপ্রানীর আক্রমনে মারা যায়। তাই জরুরীভাবে বিশেষ এলাকা চিহ্নিত করে বাঁশ,কলাসহ বিভিন্ন পশু খাদ্যের বাগান সৃজন করা অত্যাবশ্যক।

- **আবাসস্থল উন্নয়নঃ** বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়নের জন্য ন্যারা পাহাড় সহ উদ্যানের জবরদখলকৃত এবং বৃক্ষ শূন্য এলাকার উপযুক্ত প্রজাতির চারা দ্বারা বনায়ন করা প্রয়োজন।

- **বংশ বৃদ্ধি / উন্নয়ন করাঃ** অতি বিপন্ন উদ্ভিদ ও প্রাণী প্রজাতিসমূহের বংশ বৃদ্ধির লক্ষ্যে বনায়ন এবং প্রজনন কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া দরকার।

❖ **পশু-পাখি রক্ষায় জনমত তৈরী করা:** বন্য গাছপালা, পশুপাখি যে পরিবেশের অভিচ্ছেদ্য অংশ তা বনের আশেপাশে বসবাসকারী জনগণকে বুঝানোর জন্য বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচী গ্রহন করা অতীব জর"রী।

৪.৩ জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনর"দ্ধার

মেদাকচ্ছপিয়ার এই বনটিকে প্রথমে সংরক্ষিত বন হিসাবে এবং পরবর্তীতে জাতীয় উদ্যান হিসাবে ঘোষনা করা হয়। জাতীয় উদ্যান হিসাবে স্বীকৃতি লাভের পর এ বন ব্যবস্থ্যাপনার দায়িত্ব 'কক্সবাজার উত্তর বন বিভাগ, কক্সবাজার' এর উপর ন্যাস্ড় হয় এবং তখন থেকে প্রয়োজনের তুলনায় অপ্রতুল হলেও এই জাতীয় উদ্যানের আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনর"দ্ধারে বিভাগটি নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হওয়ায় বর্তমানে অংশিদারিত্বের ভিত্তিতে এর জীববৈচিত্র্য এবং আবাসস্থল সংরক্ষন ও পুনর"দ্ধারের চেষ্টা চলছে।

৪.৪ পরিবেশ বান্ধব পর্যটন

মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত হওয়ায় এবং এর যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানে পরিবেশ বান্ধব পর্যটনের উজ্জ্বল সম্ভাবনার ক্ষেত্র উম্মোচিত হয়েছে। সহ-ব্যবস্থাপনা কমিটি ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করায় এবং জাতীয় উদ্যানের অভ্যন্ড়রে ও বাইরে নানাবিধ পরিবেশ বান্ধব পর্যটন সুবিধার বিস্ড়ার ঘটায় ইতিমধ্যে এখানে উলে- খযোগ্য সংখ্যক দেশী-বিদেশী পর্যটকের আগমন ঘটছে। উলেণ্টখ্য যে এ জাতীয় উদ্যানে প্রবেশের জন্য এখনও কোন ফি সংগ্রহ করা হয় না। যদি ফি সংগ্রহ করা হয় তবে সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী, এ জাতীয় উদ্যানের প্রবেশ ও পার্কিং ফি বাবদ প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর সহ-ব্যবস্থাপনা কমিটিকে প্রদান করা হবে। এ অর্থ দ্বারা সহ-ব্যবস্থাপনা কমিটি জাতীয় উদ্যান ও তৎসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকার জীববৈচিত্র সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন কাজে ব্যায় করতে পারবে। অর্জিত সরকারী রাজস্ব হতে সহ-ব্যবস্থাপনা সংগঠন তথা স্থানীয় জনসাধারণকে জীববৈচিত্র সংরক্ষনের জন্য ৫০% ভাগ প্রদানের ঘটনা আমাদের দেশে নজিরবিহীন। জাতীয় উদ্যান কেন্দ্রীক ইকোকটেজ, টুরিস্ট শপ, পিকনিক স্পট, গাড়ি পার্কিং স্থান, টয়লেট সুবিধা, পানি সরবরাহ, টুরিস্ট শেড, বসার বেঞ্চ ইত্যাদি তৈরী করার পরিকল্পনা রয়েছে। এখানে ৬ জন প্রশিক্ষিত ইকো-ট্যুর গাইড আছে। এছাড়া বনের পাহারায় বনকর্মীদের সাথে সিপিজির সদস্যরা যৌথ টহলে নিয়োজিত আছে।

৪.৫ বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পণ্য ব্যবস্থাপনা

পূর্বে নির্দিষ্ট অংকের রাজস্ব গ্রহনের বিনিময়ে বন হতে উৎপাদিত পণ্য আহরণের জন্য পারমিট প্রদানের ব্যবস্থা ছিল। কিন্তু জাতীয় উদ্যান ঘোষনার পরে কোন সুনির্দিষ্ট নীতিমালা এখনও প্রনীত না হওয়ায় এ কার্যক্রম বন্ধ রয়েছে। বনের ভিতর ও আশেপাশে বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠী তাদের জীবিকায়নের প্রয়োজনে এর সম্পদসমূহ অবৈধভাবে আহরন করে। তবে এ ধরণের প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য সুনির্দিষ্ট নীতিমালা প্রনয়ন এবং এর সঠিক প্রয়োগ বাঞ্চনীয়।

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের ঘাস, বাঁশ, বেত দ্বারা কুটির শিল্পের বিকাশ সাধনে প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশন প্রদান শেষে বর্তমানে বাস্ড়বায়নের কাজ চলছে। পাগলীর বিলের ৪০ জন বননির্ভর মহিলাকে টুপি সেলাইয়ের প্রশিক্ষন প্রদান ও সহায়তার মাধ্যমে বিকল্প আয়ের উৎস তৈরী করে বনের উপর নির্ভরশীলতা কমানোর ব্যবস্থা করা হয়েছে। মেধাকচ্ছপিয়া বিভিন্ন এলাকার ১৩৫ জন বননির্ভর পুর"ষ-মহিলাকে বাঁশ-বেতের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। স্থানীয় কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্যের উপযোগী মূল্য পাওয়ার জন্য মার্কেট লিংকেজ এর কাজ চলছে এবং বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরীর কাজ চলছে।

৪.৬ অংশগ্রহণমূলক মনিটরিং

- ❖ মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যান ম্যাপ নিয়মিতভাবে হাল নাগাদ করা হয়না
- ❖ নিয়মিত বা নির্ধারিত বিরতিতে বন শুমারী পরিচালনা করা হয় না
- ❖ বন বিভাগের প্রয়োজনীয় জনবলের অভাব রয়েছে
- ❖ বন বিভাগের প্রয়োজনীয় পরিবহন ও আধুনিক উপকরণের স্বল্পতা
- ❖ বন কর্মীদের আধুনিক বন ব্যবস্থাপনা সম্পর্কিত দক্ষতার অভাব
- ❖ যৌথ বন টহল দলের সদস্যদের মাঝে পারস্পরিক আস্থার অভাব
- ❖ সরকারী অন্যান্য নিরাপত্তা বাহিনীর সাথে বন বিভাগের কার্যকরী যোগাযোগের অভাব
- ❖ কমিউনিটি পেট্রলিং গ্রুপের জন্য আর্থিক সুযোগ-সুবিধা অপ্রতুল
- ❖ কার্যকর সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠিত না হওয়া

৪.৭ প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যুসমূহ

বন বিভাগের সহায়তায় গঠিত সহ-ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত পদক্ষেপসমূহ জরুরীঃ

- ❖ **নিয়মিত সিএমসি / সংশিষ্ট কমিটির মিটিংঃ** সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী সিএমসি সহ সকল সহ-ব্যবস্থাপনা সংগঠন গুলির নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা করা।
- ❖ **আয়-ব্যয়ের স্বচ্ছতাঃ** সিএমসির আয়-ব্যয়ের হিসাব প্রতিটি কমিটির সভায় উপস্থাপন করতঃ সংশি- ষ্ট সকলকে অবহিত করণ সাপেক্ষে অনুমোদন করিয়ে নেয়া।
- ❖ **রেজুলেশন ও প্রতিবেদনঃ** প্রতিটি সভার বিভিন্ন আলোচ্য বিষয়ে গৃহীত সিদ্ধান্ড় সমূহ কার্য বিবরণী হিসেবে তৈরী করত: সংশি- ষ্ট মহলে যথা সময়ে প্রেরণ নিশ্চিত করা।
- ❖ **জবাবদিহিতা ও আমানতদারিতাঃ** প্রতিটি সদস্যের উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকা এবং সম্পাদিত দায়িত্ব সম্পর্কে যে কোন সময় জবাবদিহিতার জন্য প্রস্তুত থাকা।

সম্প্রতি প্রকাশিত সরকারী প্রজ্ঞাপনের আলোকে মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের আশেপাশে **১৩**টি গ্রামে জরিপ এবং সভার মাধ্যমে ভিসিএফ ও পিপলস ফোরাম গঠন করা হয়েছে। পিপলস ফোরাম এর সভায় প্রত্যক্ষ সম্মতির ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা পরিষদের জন্য **২২** জন প্রতিনিধি নির্ধারিত করা হয়েছে। সহ-ব্যবস্থাপনা পরিষদের সকলের সক্রিয় অংশগ্রহন ও মতামতের ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। সহ-ব্যবস্থাপনা কমিটিতে আলোচনার মাধ্যমে সভার সিদ্ধান্ড় মোতাবেক কার্যক্রম বাস্ড়বায়ন চলমান। সিএমসির বাৎসরিক বাজেট ও আইপ্যাক প্রকল্পের সকল কার্যক্রম সহ-ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনা করা হয় ও বাস্ড়বায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়। সচেতনতা সভা চলমান আছে এবং বিভিন্ন পর্যায়ে জবাবদিহিতা নিশ্চিত করা হচ্ছে।

৫.০ ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা

৫.১ ল্যান্ডস্কেপ এ্যাপ্রোচ

ল্যান্ডস্কেপ পন্থা হল এমন একটি উপায় যার মাধ্যমে জাতীয় উদ্যান ব্যবস্থাপনা কার্যক্রম শুধুমাত্র উদ্যানের অভ্যন্ড়রের সম্পদ, জীববৈচিত্র্য, প্রতিবেশ ইত্যাদির উপর নির্ভরশীল না হয়ে জাতীয় উদ্যান সহ তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান সকল উপাদান অর্থাৎ পরস্পর সম্পর্কযুক্ত আবাসস্থল/বন, প্রতিবেশ ব্যবস্থা, নির্ভরশীল জনগোষ্ঠী, সামাজিক/প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকে যথাযথ গুর"ত্ব প্রদান করত: এবং পরস্পর সমন্বয় সাধনের মাধ্যমে ব্যবস্থাপনা পদ্ধতি প্রনয়ন পূর্বক তা বাস্ড়বায়ন করা।

৫.২ রক্ষিত এলাকার সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা

রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা সমতল, কৃষি ও জলাভূমির সমাদিহারে গঠিত। এসব এলাকার বেশির ভাগ ভূমি ব্যাক্তি মালিকানাধীন। ল্যান্ডস্কেপ এলাকায় রয়েছে ৩টি বিটের আওতাধীন মোট ১৩টি গ্রাম। গ্রামগুলি হচ্ছে যথাক্রমে: পূর্ব গর্জনতলী, মধ্যম গর্জনতলী, পশ্চিম গর্জনতলী, বাকুম পাড়া, হাজী পাড়া, মসজিদ পাড়া, অফিস পাড়া. উত্তর মেধাকচ্ছপিয়া, পাগলীর বিল, সেগুন বাগিচা, সিকদার পাড়া, কুতুবদিয়া পাড়া ও নলবুনিয়া।

- **গ্রামাঞ্চল-হাটবাজার:** ল্যান্ডস্কেপ এলাকায় বেশ কিছু দৈনিক ও সাপ্তাহিক হাট-বাজার নিয়মিত বসে।
- **জলাভূমি-নদী:** পাহাড় হতে উৎপন্ন কিছু ছড়া এবং খাল মাতামুহুরী নদীতে এবং কোন কোনটি সরাসরি বঙ্গোপসাগরে পতিত হয়েছে।
- **বিদ্যমান কৃষি জমি:** ল্যান্ডস্কেপ এলাকায় কৃষি জমি বিদ্যমান যেখানে বিভিন্ন ধরণের ফসল নিয়মিত চাষ করা হয়।
- **উপজাতি পল-ী:** মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান ল্যান্ডস্কেপ এলাকায় কোন উপজাতির বসতি নেই।
- **শিক্ষা প্রতিষ্ঠান:** ল্যান্ডস্কেপ এলাকায় স্কুল, মাদ্রাসা, কলেজ এবং এনজিও সংস্থার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

৫.৩ ভূমি ব্যবহারে বর্তমান অবস্থা

- মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের আওতায় প্রাকৃতিক বন বিদ্যমান।
- মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যান এলাকায় ভিলেজারের সংখ্যা ১৫ পরিবার। জবর দখলের পরিমাণ ৭২.৪১ হেক্টর যার অধিকাংশই রয়েছে গর্জনতলী, নলবুনিয়া পাড়া, বাক্কুম পাড়া, দক্ষিণ মেধাকচ্ছপিয়া পাড়া, মধ্যম মেধাকচ্ছপিয়া পাড়া, উত্তর মেধাকচ্ছপিয়া পাড়া প্রভৃতি এলাকায়।
- বনের অভ্যন্ড়রে যে সকল এলাকায় প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পূনর"জ্জীবন প্রক্রিয়া সংঘটিত হচ্ছে না এমন কিছু এলাকায় বন বিভাগ ইতিমধ্যে এনরিচমেন্ট বাগান সৃজন করেছে। ল্যান্ডস্কেপ এলাকার বিভিন্ন রাস্ড়ার (সড়ক ও জনপথ, ইউনিয়ন পরিষদ, এলজিইডি ইত্যাদি) দুই ধারে অংশীদারিত্বের ভিত্তিতে স্ট্রীপ বা সড়ক বনায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে । স্থানীয় জনসাধারণ ল্যান্ডস্কেপ এলাকায় এবং অনেক সময় জবরদখলকৃত বন এলাকায় কৃষি কাজ মূলতঃ সব্জি চাষ করে। কৃষি ও সব্জি চাষে উৎপাদিত ফসল তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জনেও সহায়তা করে।

৫.৪ সংলগ্ন / সংশি- ষ্ট গ্রামসমূহ

মেধাকচ্ছপিয়া রেঞ্জের ল্যান্ডস্কেপ এলাকায় মেধাকচ্ছপিয়া পিয়া বণ্ঢকের মোট ১৩টি গ্রামে ১৩ টি ভিসিএফ গঠন করা হয়েছে। ভিসিএফগুলি হচ্ছে যথাক্রমে পূর্ব গর্জনতলী, মধ্যম গর্জনতলী, পশ্চিম গর্জনতলী, বাকুম পাড়া, হাজী পাড়া, মসজিদ পাড়া, অফিস পাড়া, উত্তর মেদাকচ্চপিয়া, পাগলীর বিল, সেগুন বাগিচা, সিকদার পাড়া, কুতুবদিয়া পাড়া ও নলবুনিয়া।

৫.৫ স্টেকহোল্ডার পর্যালোচনা

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের নিম্নলিখিত তিন ধরনের স্টেকহোল্ডার রয়েছে। যথা ঃ

- **প্রাতিষ্ঠানিক স্টেকহোল্ডার ঃ** বন বিভাগ, এনজিও, ইউনিয়ন পরিষদ, ব্যাংক, বি জি বি এবং পুলিশ।
- **প্রাথমিক স্টেকহোল্ডার ঃ** জ্বালানী কাঠ সংগ্রাহক, অবৈধ বৃক্ষ নিধনকারী ও পাচারকারী, বাঁশ ও কাঠ সংগ্রাহক, শাক-সব্জি সংগ্রহকারী, মধু সংগ্রহকারী, বনের জমি জবরদখলকারী, পান চাষি, পর্যটক, শিকারী।
- **দ্বিতীয় স্ড়রের স্টেকহোল্ডার ঃ** কাঠ ব্যবসায়ী, স মিল মালিক, ইট ভাটার মালিক, ফার্নিচার ব্যবসায়ী, ইত্যাদি।

বর্তমানে মেধাকচ্ছপিয়া সিএমসির আওতায় ১৩টি গ্রাম/পাড়া রয়েছে। এই ১৩টি গ্রামে ৩,৫০০ পরিবারে প্রায় ২০,০০০ জনগণ বসবাস করেন। তাদের মধ্যে প্রায় ৮৭% মুসলিম এবং বাকী সব হিন্দু এবং বৌদ্ধ ধর্মের অনুসারী। স্থানীয় জনগোষ্ঠীর প্রধান পেশা কৃষি। পাশাপাশি শিক্ষকতা, কাঠ ব্যবসা, জ্বালানী কাঠ সংগ্রহকারী, জবরদখলকারী, ডাক্তার, সাংবাদিক, সমাজকর্মী, স'মিল মালিক, ইট ভাটার মালিক ইত্যাদি পেশার জনগণ বিদ্যমান। অতিদরিদ্র জনগোষ্ঠী জীবিকা নির্বাহে জাতীয় উদ্যানের উপর বহুলাংশে নির্ভরশীল।

৫.৫ কৃষি জমি এবং বসত ভিটার ব্যবহার

অত্র এলাকার কৃষি জমি এক ফসলী আবাদের জন্য বিখ্যাত। কিছু কিছু কৃষি জমিতে বছরে ২ বার ধান আবাদ করা যায়। বছরের বেশীর ভাগ সময় অপেক্ষাকৃত উঁচু জমিতে তামাক চাষসহ বিভিন্ন ধরনের সব্জি যেমন শশা, ঝিংগা, চিচিংগা, বরবটি, কাকরল, বেগুন, মূলা, সিম, লাউ, পটল, ডাটাশাক, কঁচু, মিষ্টি কুমড়া ইত্যাদি আবাদ করা হয়। বসত ভিটায় স্থানীয় জনগন বরবটি, কঁচু, হলুদ, বেগুন, মরিচ, সিম, লাউ, ডাটাশাক ইত্যাদি আবাদ করে।

৫.৭ বনভূমি অবৈধ দখলঃ

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানে জবর দখলের পরিমাণ ৭২.৪১ হেক্টর যার অধিকাংশই রয়েছে গর্জনতলী, নলবুনিয়া পাড়া, বাক্কুম পাড়া, দক্ষিণ মেধাকচ্ছপিয়া পাড়া, মধ্যম মেধাকচ্ছপিয়া পাড়া, উত্তর মেধাকচ্ছপিয়া পাড়া প্রভৃতি এলাকায়। এই জবরদখলকৃত এলাকা দখলমুক্ত করত: এনরিচমেন্ট বনায়নের আওতায় আনা যেতে পারে।

পার্ট - ২

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশমালা

১.০ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা

১.১ উদ্দেশ্য

এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য হল মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের অন্ড়র্ভূক্ত সম্ভাব্য সর্বোচ্চ পরিমাণ বন এলাকা টিকিয়ে রাখা এবং এর জীববৈচিত্র্যকে সর্বোচ্চ সম্ভব অবস্থায় ধরে রাখা সহ বননির্ভরশীল জনগনের বিকল্প আয়ের ব্যবস্থা করা। এর সাথে সাথে সহ-ব্যবস্থাপনার সাথে জড়িত নেতৃবৃন্দকে উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন ও বাস্ড়বায়ন বিষয়ে প্রশিক্ষন প্রদান। এই পরিকল্পনার প্রধান উদ্দেশ্য গুলো নিম্নরূপ ঃ

- ❖ এমন একটি সহ-ব্যবস্থাপনা গড়ে তোলা যা মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের জীববৈচিত্র্য সংরক্ষণে এবং উন্নয়নের জন্য গৃহীত দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রনয়ন ও বাস্ড়বায়নকে সহজতর করা সহ নিজেদের উন্নয়ন পরিকল্পনা নিজেরাই প্রনয়ন করবে।
- ❖ সকল স্টেকহোল্ডারদের মতানৈক্যের ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা দলের অনুবর্তী হয়ে জীববৈচিত্র্য সংরক্ষণে কাজ করা।
- ❖ বননির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থানের বিষয়ে সহ-ব্যবস্থাপনা পরিকল্পনায় দিক নির্দেশনা রাখা
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা প্রণয়ন, কর্ম প্রক্রিয়া নির্ধারণ, অবকাঠামো উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক কাজের সক্ষমতা অর্জন এবং তা উত্তরোত্তর বৃদ্ধি করা।
- ❖ টিকে থাকতে সক্ষম এমন বন্যপ্রাণীকে সংরক্ষণ করা যার অন্ড়র্ভূক্ত থাকবে ভয়াবহ বিপদের সম্মুখীন প্রাণী, হুমকীর মুখে থাকা প্রাণী, সংরক্ষিত প্রাণী, দুর্লভ প্রজাতির গাছ এবং প্রাণী।
- ❖ যত দ্র“ত সম্ভব উদ্ভিদকুল, প্রাণীকূল ও ভৌত উপাদান সম্পর্কিত বিষয় পুনর“দ্ধার করা এবং বজায় রাখা এবং বনজ প্রতিবেশের উৎপাদনশীলতা ধরে রাখা।
- ❖ নির্দিষ্ট কিছু স্থানে পরিবেশ বান্ধব পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের ভ্রমণের জন্য নতুন ট্রেইল নির্মানসহ বিদ্যমান ট্রেইলের উন্নয়ন করা।
- ❖ সর্বোপরি, বিকল্প আয় সৃষ্টি সংক্রান্ড় কাজে কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে স্থানীয় স্টেকহোল্ডারদের দক্ষতা বৃদ্ধি এবং জীবিকার উন্নয়ন।

উপরোক্ত উদ্দেশ্যগুলো অর্জনের জন্য মূল কার্যক্রমের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রম গুলোও হাতে নিতে হবে :

- ❖ জরিপের মাধ্যমে জাতীয় উদ্যানের সীমানা চিহ্নিত করা।
- ❖ একটি সহ-ব্যবস্থাপনা মডেল গড়ে তোলা এবং এর সাথে সম্পৃক্ত সংশি- ষ্ট নীতি বিষয়ক নির্দেশনা প্রণয়ন, সহ-ব্যবস্থাপনাকে রক্ষিত এলাকা সংরক্ষণের সাথে সংগতিপূর্ণ করে গড়ে তোলা যাতে সকল স্টেকহোল্ডার একত্রে কাজ করতে পারে।
- ❖ জীববৈচিত্র্যের জরিপ করা।
- ❖ বন বিভাগের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা যাতে রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় সংশি- ষ্ট বন বিভাগ যথাযথ ভূমিকা রাখতে পারে।
- ❖ সংরক্ষণ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং সংরক্ষণ বিষয়ক ইস্যুতে সম্প্রসারণ কার্যক্রম গড়ে তোলা।
- ❖ স্থানীয় স্টেকহোল্ডার এবং বন বিভাগের কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংরক্ষণ ব্যবস্থাপনা, আয়-বৃদ্ধি ও সচেতনতা সৃষ্টিসহ রক্ষিত এলকার সুবিধা উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের সক্ষমতা অর্জন।
- ❖ জাতীয় উদ্যানের মধ্যে সংরক্ষণ এবং দর্শনার্থীদের জন্য সুবিধার উন্নয়ন করা।
- ❖ অংশীদারিত্বের ভিত্তিতে আশেপাশের গ্রামগুলিতে বনায়নের মাধ্যমে বনজ সম্পদের যোগান বৃদ্ধি করা।
- ❖ দেশীয় জাতের চারার মাধ্যমে বনায়নকে উৎসাহিত করা এবং ধীরে ধীরে বিদেশী জাতের গাছের স্থলে দেশীয় জাতের চারা রোপণ করা।
- ❖ বন নির্ভরশীল স্থানীয় দরিদ্র জনগনের জন্য বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

১.২ সহ-ব্যবস্থাপনা পদ্ধতি

প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিশে- ষণ করে সরকার সিদ্ধান্ড়গ্রহণ করেছে যে, রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় স্থানীয় জনগোষ্ঠীর অংশ গ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করবে। সহ-ব্যবস্থাপনা প্রক্রিয়ায় অংশগ্রহণকারী ও সহযোগি সকলের মধ্যে রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুফল বা উপকার সুষমভাবে বন্টন করা হবে এবং ব্যবস্থাপনা ও পরিচালন বিষয়ে সিদ্ধান্ড়গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশ গ্রহণ নিশ্চিত করা হবে। সকল স্টেকহোল্ডারদের কার্যকরী অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে রক্ষিত এলাকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনার এই প্রক্রিয়াই হচ্ছে 'সহ-ব্যবস্থাপনা'।

১.২.১ সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্যসমূহ

- ❖ রক্ষিত এলাকার জীববৈচিত্র্যের দীর্ঘ মেয়াদী সংরক্ষণ নিশ্চিত করার পাশাপাশি স্থানীয় জনসাধারণকে প্রধান স্টোকহোল্ডার হিসাবে অংশ গ্রহনের সুযোগ সৃষ্টি করা।
- ❖ রক্ষিত এলাকার আশপাশে বসবাসকারী জনগণের অংশ গ্রহণ ভিত্তিক বনজ সম্পদের ব্যবহার ও বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি এবং তাদের দক্ষতার উন্নয়ন ঘটানো ।
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য অবকাঠামো, প্রশিক্ষণ এবং যোগাযোগের সুযোগ সুবিধা সৃষ্টিসহ উন্নততর প্রশাসনিক কাঠামো নিশ্চিত করণ।
- ❖ পরিবেশ পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের জন্য পর্যাপ্ত সুযোগ সুবিধার ব্যবস্থা করা ।
- ❖ স্থানীয় জনগণের পরামর্শ ও সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে সহ ব্যবস্থাপনা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া।
- ❖ রক্ষিত এলাকায় বন্যপ্রাণী ব্যবস্থাপনা কার্যক্রমে সহায়তা প্রদান করা এবং প্রয়োজনীয় গবেষণার বিষয় সনাক্ত করা।
- ❖ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব ও এর সাথে খাপ খাওয়ানোর কৌশল সম্পর্কে জনগণকে সচেতন করা।

১.২.২ সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহ

সহ-ব্যবস্থাপনা সংগঠন হচ্ছে সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে সুনির্দিষ্ট রক্ষিত এলাকার ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে নিয়োজিত সংগঠন। এই সংগঠন হচ্ছে সরকার কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট রক্ষিত এলাকার সাথে বিভিন্ন ভাবে সম্পৃক্ত জনগোষ্ঠী ও সরকারি বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত। মেদাকচ্ছপিয়া জাতীয় উদ্যান ব্যবস্থাপনায় নিয়োজিত সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলো হলো: ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ); পিপলস্ ফোরাম (পিএফ); সহ-ব্যবস্থাপনা কাউন্সিল, সহ-ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)। এছাড়াও ব্যবস্থাপনায় আওতায় অন্যান্য সহযোগী সংগঠন গুলো হচ্ছে: কমিউনিটি পেট্রোলিং গ্রুপ (সিপিজি), ফরেস্ট কনজারভেশন ক্লাব (এফসিসি), সিবিও, আইন প্রয়োগকারী সংস্থা, আইপ্যাক মনিটরিং টিম, স্থানীয় সরকার বিভিন্ন সরকারী প্রতিষ্টানের প্রতিনিধি প্রমূখ।

প্রাকৃতিক সম্পদসমূহের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহের নেটওয়ার্কিং তৈরীর মাধ্যমে নিমোক্ত উদ্দেশ্যগুলো অর্জিত হতে পারে:

- ❖ সহ-ব্যবস্থাপনা নিয়োজিত সকল সংগঠনসমূহের মধ্যে একটি কার্যকর নেটওয়ার্ক তৈরী করা
- ❖ রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনার জন্য কৌশলগত সামর্থ্য উন্নয়ন
- ❖ সহ-ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় নতুন নতুন এলাকা অন্ড়র্ভূক্ত করা
- ❖ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় যথাযথ কর্মসূচী গ্রহণ এবং এর সঙ্গে খাপ খাওয়ানোর বিষয়টিতে যথেষ্ট গুরুত্ব প্রদান করা
- ❖ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে যথাযথ ব্যবস্থাপনা এবং জীববৈচিত্র্য সংরক্ষণে সহযোগিতা বৃদ্ধি করা
- ❖ বন নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর বনের উপর নির্ভরশীলতা কমিয়ে আনা ও বিকল্প কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২.৩ সুবিধাসমূহের বন্টন

ক) ৫০ শতাংশ রাজস্ব আয় রক্ষিত এলাকার উন্নয়নে ব্যয়ঃ

রক্ষিত এলাকা থেকে রাজস্ব আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর রক্ষিত এলাকার উন্নয়ন এবং ব্যবস্থাপনায় ব্যয় করার জন্য সহ-ব্যবস্থাপনা সংগঠনের নিকট ফেরত প্রদানের ব্যবস্থা রয়েছে। যেমন: রক্ষিত এলাকায় দর্শনার্থী কর্তৃক প্রদেয় প্রবেশ ফি, পার্কিং ফি স্টুডেন্ট ডরমেটরী ব্যবস্থাপনা ইত্যাদি হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ সহ-ব্যবস্থাপনা কমিটির নিকট পরবর্তী বছর ফেরত দেয়া হয়। এছাড়াও বাফার এলাকায় সামাজিক বনায়নের মাধ্যমেও উপকারভোগী গন সৃষ্ট বন হতে নিম্নরূপ লভ্যাংশ পেতে পারেন :

খ) শালবন ব্যতীত বিদ্যমান বাগান ও প্রাকৃতিক বনের ক্ষেত্রে ঃ

১) বন অধিদপ্তর ৫০%

২) উপকারভোগী ৪০%

৩) বৃক্ষরোপণ তহবিল ১০%

গ) স্থানীয় জনগণ নিজেদের উদ্যোগে বন বিভাগের ভূমিতে গৃহীত সামাজিক বনায়নের ক্ষেত্রেঃ

১) বন অধিদপ্তর ২৫%

২) উপকারভোগী ৭৫%

ঘ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার ভূমিতে সামাজিক বনায়নের ক্ষেত্রে :

১) বন অধিদপ্তর ১০%

২) উপকাভোগী ৭৫%

৩) ভূমির মালিক সংস্থা ১৫%

উপরোক্ত কার্যক্রম বাস্ড়ায়নের মাধ্যমে সুবিধাভোগীদের উপকার নিশ্চিত হতে পারে।

১.২.৪ ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল / এনডোমেন্ট ফান্ড

মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের অভ্যন্ড়রে এবং আশেপাশে ব্যাপক সংখ্যক জনগণ রয়েছে যাদের অধিকাংশের জীবিকা বিদ্যমান বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। এই জনগোষ্ঠীর বিকল্প আয় সৃষ্টি, সামাজিক ও সামষ্টিক উন্নয়নে আইপ্যাক প্রকল্প কর্তৃক ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল প্রদানের মাধ্যমে গুর"ত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়াও বন নির্ভরশীল জনগনকে বিকল্প আয় সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষন সহ বিভিন্ন প্রকার সম্পদ প্রদানের মাধ্যমে সহায়তা করা হয়েছে এবং হচ্ছে। কিন্তু এই বিশাল কর্মকান্ড অন্যান্য সংশি- ষ্টদের সহযোগিতা ছাড়া এককভাবে আইপ্যাক প্রকল্পের মাধ্যমে অর্জন করা সম্ভব নয়। এজন্য নিসর্গ নেটওয়ার্ক সংশি- ষ্ট অংশীদার ও সমর্থনকারী বিভিন্ন সরকারী এবং বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগ ও অংশীদারিত্ব প্রয়োজন। বিকল্প আয় বৃদ্ধি ও ব্যবসায় উদ্যোগ সমূহে সংশি- ষ্ট সংস্থাকে জড়িত করার মাধ্যমে কোন জনগোষ্ঠীর আর্থিক ও সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব হতে পারে।

২.০ আবাস্থল পূনর"দ্ধার কর্মসূচি

২.১ উদ্দেশ্যসমূহ

আবাসস্থল পুনর"দ্ধার কর্মকান্ডের প্রধান উদ্দেশ্য হচ্ছে ঃ

- ❖ উদ্ভিদ ও প্রাণীকূলের বংশ বৃদ্ধির মাধ্যমে জীববৈচিত্রের উন্নয়ন
- ❖ রক্ষিত অঞ্চলে জনবসতি স্থাপন বন্ধ করা সহ জবরদখলকৃত এলাকায় নতুন বন সৃজনের মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণ
- ❖ হাতি, বানর সহ বিপদাপন্ন প্রাণীদের নিরাপদ বাসস্থান নিশ্চিত করা
- ❖ বন্যপ্রাণীর অবাধ চলাচল, খাদ্য ও আশ্রয় নিশ্চিত করা
- ❖ নিয়ন্ত্রিত ইকো-টুরিজমের বিকাশ
- ❖ জলাশয়ের বিজ্ঞান ভিত্তিক ব্যবহার

২.২ বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদকরণ

- ❖ রক্ষিত এলাকা সহ পার্শ্ববর্তী ল্যান্ডস্কেপ ম্যাপ প্রনয়ন এবং তা হালনাগাদ করা সহ সহ-ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর কার্যকলাপ, অর্থনৈতিক কর্মকান্ড, ভূমি উপযোগী কৃষি ফসলের উৎপাদন, পতিত জমি, জলাশয় ইত্যাদি জরিপ করে করনীয় বিষয় নির্ধারন করা জর"রী
- ❖ ম্যাপে বিভিন্ন জোন, ঐতিহাসিক স্থান/নিদর্শন সুস্পষ্ট উলে- খ থাকা প্রয়োজন

২.৩ সীমানা চিহ্নিতকরণ

সীমানা চিহ্নিতকরণের জন্য যথাযথভাবে সার্ভে করার পর সীমানা সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সীমানা পিলার স্থাপন করা যেতে পারে। এর পাশাপাশি সচেতনতা ও নির্দেশনা মূলক সাইনবোর্ড ও বিলবোর্ড ইতোমধ্যেই স্থাপন করা প্রয়োজন যদিও বেশ কিছু বিলবোর্ড স্থাপন করা হয়েছে। ইতমধ্যে স্থাপিত সাইনবোর্ড ও বিলবোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মেরামত ও পূণঃ মুদ্রণ করা যেতে পারে।

২.৪ অবৈধভাবে গাছ কাটা / বনে আগুন দেয়া / বিল সেচা এবং পশু চরানো নিয়ন্ত্রণ করা

উপরোক্ত বিষয়গুলো নিয়ন্ত্রনে নিম্নবর্নিত ব্যবস্থা গ্রহন করা যেতে পারে ঃ

- ❖ অবৈধ গাছ কাটা নিয়ন্ত্রণে বন বিভাগের কর্মীদের যুগোপযোগী প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ করা।
- ❖ যৌথ টহল দল পূর্ণগঠন ও শক্তিশালী করা
- ❖ যৌথ টহল দলের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা। এক্ষেত্রে, বিভিন্ন প্রকল্প ও দাতা সংস্থা হতে সাহায্য আহবান করা যেতে পারে
- ❖ রক্ষা কাজে দায়িত্ব পালনের ক্ষেত্রে মাঠকর্মী ও স্থানীয় লোকজনদের কেউ দৃষ্টান্ড়মূলক অবদান রাখতে পারলে তাকে পুরস্কারের ব্যবস্থা করা
- ❖ সহ-ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি করা
- ❖ পশু না চরানোর জন্য কাটা তারের বেড়া নির্মাণ করা
- ❖ বন নির্ভর দরিদ্র জনগোষ্ঠীর জন্য সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বিকল্প আয়-বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্ড়বায়ন করা
- ❖ ল্যান্ডস্ক্যাপ এলাকার সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা
- ❖ অবকাঠামো (স্কুল, রাস্ড়াঘাট, ব্রীজ / কালভার্ট) উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহন ও বাস্ড়বায়ন করা
- ❖ অগ্নি নির্বাপনী প্রয়োজনীয় যন্ত্রপাতির সরবরাহ কর
- ❖ বনে গোচারণ বন্ধে গবাদি পশুর মালিকদের অনুপ্রানিত করা
- ❖ বনভূমির অবৈধ দখল মুক্ত করা ও অবৈধ দখলরোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা
- ❖ সিএম সি ও বন বিভাগের মধ্যে সমন্বয় সভার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ড়গ্রহণ ও বাস্ড়বায়ন করা
- ❖ গন সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার প্রচারণার মাধ্যমে সভা ও সমাবেশ করা

৩.০ ব্যবস্থাপনা কার্য়ক্রম

৩.১ উদ্দেশ্য

এই ব্যবস্থাপনা কার্যক্রমের প্রধান উদ্দেশ্য হলোঃ

- ❖ হুমকীর সম্মুখীন নির্বাচিত বনাঞ্চলের কার্যকর প্রতিরোধ গড়ে তোলা যাতে করে জীববৈচিত্র্য রক্ষা পায়
- ❖ বনকে উন্নয়ন ও প্রাকৃতিক সংরক্ষণের মাধ্যমে বন্যপ্রাণী বসবাসের উপযোগী করে তোলা
- ❖ বনের সম্ভাবনাময় উৎস গুলোকে সংরক্ষণ করা যার মধ্যে নির্বাচিত জীববৈচিত্র্যও অন্তর্ভূক্ত থাকবে
- ❖ স্টেকহোল্ডারদের পরামর্শ ও কার্যকর অংশ গ্রহণের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা পদ্ধতিকে শক্তিশালীকরণ
- ❖ জীববৈচিত্র্য রক্ষার স্বার্থে দেশীয় ও স্থানীয় প্রজাতি নির্বাচন ও রোপন করা
- ❖ বন্যপ্রাণীদের অবাধ ও নিরাপদ আশ্রয়, খাদ্য ও অবস্থান নিশ্চিত করা
- ❖ জন সচেতনতা বৃদ্ধিতে স্টেকহোল্ডারদের অংশগ্রহন নিশ্চিত করণে উদ্যোগ গ্রহন করা
- ❖ সহ-ব্যবস্থাপনা পদ্ধতির সুযোগ সুবিধা সম্বন্ধে সচেতন করে তোলা
- ❖ সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে স্থানীয় বননির্ভর জনগোষ্ঠীর মৌলিক চাহিদা পূরণের জন্য বিকল্প আয়ের সুযোগ নিশ্চিত করা
- ❖ সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সঙ্গে স্থানীয় বননির্ভর জনগোষ্ঠীর মানসিক ও আত্বিক সম্পর্ক ও আস্থা সৃষ্টির ব্যবস্থা নিশ্চিত করা
- ❖ জাতীয় উদ্যান পরিচালনায় প্রতিবন্ধকতা, কুসংস্কার ও অন্ধ বিশ্বাস দূরীকরণে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি যুগোপযোগী এবং সংশি- ষ্ট রক্ষিত এলাকায় এর প্রয়োগ নিশ্চিত করা।

৩.২ তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা

কোর এলাকা যথাযথ সংরক্ষনের জন্য ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনার দিকে বিশেষ নজর দেওয়া প্রয়োজন। ল্যান্ডস্ক্যাপ এলাকায় স্ট্রীপ বনায়ন, সংযোগ সড়ক নির্মাণ, ব্রীজ, কালভার্ট সংস্কার / নির্মাণ, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, সেনিটেশন ব্যবস্থার উন্নয়ন, স্বল্পমূল্যে উন্নত চুলা স্থাপন, সম্প্রসারণ, ম্যালিরিয়া নিয়ন্ত্রণে সচেতনতা সৃষ্টি ও চিকিৎসা সেবা নিশ্চিত করা প্রয়োজন। এ কাজে অর্থের সংকুলান করতে বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও দাতা সংস্থাগুলি হতে অর্থ সহায়তা গ্রহণের প্রচেষ্টা চালানো যেতে পারে।

সহ-ব্যবস্থাপনা কমিটির উন্নয়ন কার্যক্রমের সাথে ল্যান্ডস্কেপ এলাকার কর্মরত বেসরকারী উন্নয়ন সংস্থার উন্নয়ন কার্যক্রমের সাথে সমন্বয় সাধন রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় গুর"ত্বপূর্ন ভূমিকা রাখতে পারে।

৩.৩ রক্ষিত এলাকার মূল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা

৩.৩.১ আবাসস্থল উন্নয়ন কার্যক্রম

আবাসস্থল উন্নয়নের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলি গ্রহন করা যেতে পারে:

৩.৩.১.২ এনরিচমেন্ট প- ান্টেশন

- ❖ কোর জোনের ক্ষতিগ্রস্থ অংশ যেখানে প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পুনর"জ্জীবন প্রক্রিয়া বাধাগ্রস্থ হচ্ছে সেখানে নতুন বনায়ন করা সহ ও বিদ্যমান প্রাকৃতিক বনের যথাযথ ব্যবস্থাপনার আওতায় আনা।

৩.৩.১.২ ঘাস জমির উন্নয়ন

- ❖ তৃণভোজী বণ্যপ্রাণীদের খাদ্যপ্রাপ্তি নিশ্চিত করতে ঘাস বাগান সৃষ্টি করা।
- ❖ রক্ষিত এলাকার বাইরে নেপিয়ার সহ বিভিন্ন প্রজাতির সমন্বয়ে ঘাস বাগান সৃজনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে

৩.৩.১.৩ জলাশয় রক্ষণাবেক্ষণ

